

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর-২৯.০০.০০০০.২২৩.০২.০৫.২০২৩ (খন্ড-২)-৫১৬

তারিখ: ১৩/১১/২০২৩ খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলার নিম্নেবর্ণিত ব্যক্তির অনুকূলে আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অনুকূলে নিম্নোক্ত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্রম	আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	এনআইডি ও মোবাইল নং	টাকার পরিমাণ
১.	রাজকুমার মংগোয়েপু, সভাপতি, রাজগুরু বৌদ্ধ বিহার (খাংওয়া ক্যং) পরিচালনা কমিটি, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।	পবিত্র কঠিন চীবর দান ও পিন্ডচারণ অনুষ্ঠান উপলক্ষ্যে	এনআইডি: পাওয়া যায়নি মোবা: পাওয়া যায়নি	২,০০,০০০/-

০২। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৭,৬০,০০,০০০/- (সাত কোটি ষাট লক্ষ) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

- মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলার মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- জেলা পরিষদ বরাদ্দগ্রহীতাগণের নিকট হতে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

স্বাঃ/—
(মুন্না রানী বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৫৫১০০৬৩০

তারিখ: ১৩/১১/২০২৩ খ্রি.

স্মারক নম্বর-২৯.০০.০০০০.২২৩.০২.০৫.২০২৩ (খন্ড-২)-৫১৬

সদয় জ্ঞাতার্থে/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
- মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
- অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
- সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- রাজকুমার মংগোয়েপু, সভাপতি, রাজগুরু বৌদ্ধ বিহার (খাংওয়া ক্যং) পরিচালনা কমিটি, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।
- অফিস কপি।

স্বাঃ/—
(মুন্না রানী বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব